

পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ



প্রধান কার্যালয় : বিকাশভবন (তৃতীয় তল, পূর্বপার)

বিধাননগর, কোলকাতা - ৭০০০৯১

শাখা কার্যালয় : রামেন্দ্রসুন্দর, তন্তুজভবন, ডিডি-১৮/৪, সপ্তমতল

বিধাননগর, কোলকাতা - ৭০০০৬৪

তারিখ : ২২/১১/২০১৮

আমাদের হৃদয় জুড়ে থাকুক শুধুই রবীন্দ্র মুক্ত বিদ্যালয়

“রবীন্দ্র মুক্ত বিদ্যালয়” নামটি উচ্চারণ করার সঙ্গে সঙ্গে আমার দেহমনে এমন এক শিহরণ জাগে এবং আমি উদ্দীপ্ত হয়ে যাই - এক নতুন আলোকবর্তিকার সন্ধান পাই। কেননা রবীন্দ্রনাথ ঠাকুরের অনুপ্রেরণার ফসল এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয়।

১৯৩৫ সালের ১৮ই সেপ্টেম্বর অবিভক্ত বাংলার শিক্ষাসচিবকে রবীন্দ্রনাথ ঠাকুর লিখিত প্রস্তাব দিয়েছিলেন যে “দেশের যে সকল পুরুষ ও স্ত্রীলোকেরা নানান কারণে বিদ্যালয়ের সুযোগ থেকে বঞ্চিত তাদের জন্য যদি কোন শিক্ষাব্যবস্থা চালু করা যায় যাতে তারা অবসরমতো ঘরে বসে নিজেকে শিক্ষিত করতে উৎসাহিত হবে এবং আত্মসম্মান লাভ করবে।” সেই প্রচেষ্টার ফসল এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয়।

এখানে কাজ করার সুযোগ পেয়ে আমি ধন্য। এর জন্য পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীকে জানাই যথাযথ সম্মান এবং আন্তরিকতাপূর্ণ বিনম্র শ্রদ্ধা।

“সকলের জন্য শিক্ষা” এই লক্ষ্যে স্থাপিত এই বিদ্যালয় মূলত সঠিক সময়ে নানান আর্থসামাজিক কারণে অথবা অন্যান্য প্রতিবন্ধকতার কারণে শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত থেকেছে যারা, তাদের জন্যই এই মুক্ত বিদ্যালয় পশ্চিমবঙ্গ মাধ্যমিক বোর্ড এবং উচ্চমাধ্যমিক কাউন্সিলের সাথে সামঞ্জস্য রেখেই তৈরী হয়েছে এর সিলেবাস যাতে ছাত্ররা পাস করার পরে চাইলে মূল উচ্চতর শিক্ষা ব্যবস্থায় প্রবেশ করতে পারবে। এগিয়ে নিয়ে যেতে হবে আমাদের Man Making এবং Character building এর কাজ। নানান মানুষের ভালবাসার ফসল এই রবীন্দ্র মুক্ত বিদ্যালয়। রবি ঠাকুরের কথায় বলি “দাও হে হৃদয় ভরে দাও, সুধারসে মাতোয়ারা হৃদয় ভরে দাও”। সত্যি এই প্রতিষ্ঠানে এসে প্রাপ্তির পূর্ণতা পেয়ে ধন্য আমি।

মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ার অনুপ্রেরণা থেকে বলতে পারি “Service to students is service to God” আরও বলতে পারি “sacrifice yourself for the upliftment of students i.e. upliftment of society”.

মাননীয় শিক্ষামন্ত্রীর অনুপ্রেরণায় বলতে পারি “Try to improve the quality and standard of Teaching and Learning, so that each and every student is enriched” কেননা স্বামী বিবেকানন্দ বলেছেন, “মানুষের মধ্যে চাপাপড়া দেবত্বগুণকে জাগ্রত করে মনুষ্যত্বের প্রকাশ করার কাজই হোল আসল শিক্ষা। এখানে ছাত্রদের মধ্যে সেইরকম দেবত্ব রূপকেই জাগ্রত করতে হবে।”

এখানে আমাদের রবীন্দ্র মুক্ত বিদ্যালয় পরিবারের মধ্যে নিজেকে নিবিড়ভাবে নিয়োজিত করতে হবে যাতে সমস্ত স্টাডি সেন্টার থেকে সমস্ত সহকর্মীবৃন্দ, ছাত্রছাত্রীরা এই পরিবারের সদস্য হিসাবে গর্ববোধ করতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়া, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়, বিকাশভবনের এবং শিক্ষাদপ্তরের অন্যান্য আধিকারিকবৃন্দ এবং কর্মীবৃন্দের সাহায্য এবং সহযোগিতায় এই প্রতিষ্ঠানের আরো আরো শ্রীবৃদ্ধি হোক এই কামনা করি।

রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে নবনিযুক্ত সভাপতি, সচিব এবং অন্যান্য কর্মীবৃন্দের বন্ধন দৃঢ় হোক এবং আগামী দিনগুলো আরও উজ্জ্বলতর হোক এই মন্ত্র হোক আমাদের অঙ্গীকার।

Amitava Bagchi
সচিব 26/12/2018

পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় সংসদ

Dr. Amitava Bagchi
Secretary
The West Bengal Council of
Rabindra Open Schooling